

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি  
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.dis.gov.bd](http://www.dis.gov.bd)

পরিপত্র

নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৪.০৩২.১৫. ২৭৫

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৫  
০৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন, পরিচয়পত্র প্রদান ইত্যাদি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এর আওতাধীন 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা, ২০১৫' এর বিধি ৪(৩) [প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন, পরিচয়পত্র প্রদান, ইত্যাদি] -তে উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তাকে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের দায়িত্ব প্রদান করা হয়েছে। সে লক্ষ্যে যথাযথ প্রক্রিয়ায় DISABILITY INFORMATION SYSTEM [www.dis.gov.bd] -এ অনলাইনে ডাটা-এন্ট্রি, এডিটিং এবং আইডি প্রিন্ট করার জন্য উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তাকে ক্ষমতাপূর্ণ করা হলো, যা পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

২। সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা বৃহত্তর নিরাপত্তার স্বার্থে নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড যথাযথভাবে সংরক্ষণসহ বদলি/পদায়ন ইত্যাদি ক্ষেত্রে যথাযথ কর্মকর্তাকে তা প্রদান করবেন। কর্মস্থলে যোগদানকৃত কর্মকর্তা দ্রুত পাসওয়ার্ড গ্রহণ করে তা পরিবর্তন করে নিবেন। সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বিষয়টি মনিটর করবেন।

৩। বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।

(গাজী মোহাম্মদ নুরুল কবির)  
মহাপরিচালক  
ফোন: ৯১৩১৯৬৬  
ফ্যাক্স: ৯১৩৮৩৭৫  
ইমেইল: dg@dss.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল), ..... বিভাগ।
৩. কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৪. জাতীয় প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), ... ..  
সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক (কার্যক্রম-১/২/পরিকল্পনা ও উন্নয়ন/ প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর,  
ঢাকা।
৬. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
৭. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদফতর, ঢাকাকে  
পরিপত্রটি অধিদফতরের ওয়েব সাইটে (www.dss.gov.bd) প্রকাশের অনুরোধ করা হলো।
৮. উপপরিচালক (সকল), .....সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৯. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমী, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
১০. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), ... .. পত্রটি তাঁর জেলাধীন সকল  
কার্যালয়ে/প্রতিষ্ঠানে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
১১. উপপরিচালক, ইআরসিপিএইচ, টঙ্গী, গাজীপুর।
১২. সহকারী পরিচালক (সকল), ..... সমাজসেবা অধিদফতর, ঢাকা।
১৩. সমাজসেবা অফিসার/সমমান (সকল), .....সমাজসেবা অধিদফতর, ঢাকা।
১৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), .....
১৫. জনাব/বেগম, .....

সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।